

ডাকসু নির্বাচন: ভোট দিয়ে যা বললেন শিক্ষার্থীরা

চাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ছবি: কালের কঠ

চাকা বিশ্ববিদ্যালয় (চাবি) কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) ও হল

সংসদ নির্বাচনের ভোটগ্রহণ চলছে। শিক্ষার্থীরা উৎসাহ-উদ্দীপনার

মধ্য দিয়ে প্রতিকেন্দ্রে ভোট দিচ্ছেন। দিনের শুরুতেই ভোট দিতে

আসা শিক্ষার্থীদের দীর্ঘ লাইন সৃষ্টি হয়েছে।

সকাল সকাল ভোট দিতে আসা শহীদ সার্জেন্ট জগুরুল হক হলের

শিক্ষার্থী মো. সোয়াইব হোসেন বলেন, ‘সকাল থেকেই হলে

উৎসবমুখর পরিবেশ, দলে দলে শিক্ষার্থীরা উৎসাহের সঙ্গে ভোট

দিতে এসেছে।

হল থেকে নির্দিষ্ট বাস ঠিক করে রাখায় এক সঙ্গে অনেকেই একই

বাসে এসেছি। ক্যাম্পাসে বিগত ৫ বছরের অভিজ্ঞতায় এমন

উৎসবমুখর পরিবেশ দেখিনি। সারা ক্যাম্পাসের উৎসবমুখর

পরিবেশ দেখে আমি খুবই আনন্দিত ‘

সলিমুল্লাহ মুসলিম হলের প্রথম বর্ষের শিক্ষার্থী আসাদ আলী
বলেন, ‘আমি প্রথম বর্ষেই এসে ভোট দিতে পেরে খুবই
আনন্দিত। ২০১৯ সালে ডাকসু নির্বাচন দেখেছিলাম।

অন্তর্বর্তীকালীন সরকারের এই সময়ে এসে প্রথমবারের মতো
ডাকসু নির্বাচন পেয়েছি। ভোট দিয়ে এখন পর্যন্ত সবকিছু সুষ্ঠুই
মনে হচ্ছে। তবে বেলা বাড়ার সঙ্গে সঙ্গে সবকিছু যদি ঠিকঠাক
থাকে, তাহলে একটি সুন্দর পরিবেশে সুষ্ঠু ডাকসু নির্বাচন অনুষ্ঠিত
হবে।’

৫



বৃত্ত ভাঙবে বাংলাদেশের?

রোকেয়া হলের শিক্ষার্থী সাউদিয়া ইসলাম খান পাশা বলেন,
‘প্রথমবার ডাকসুর ভোট দিয়েছি।

অনেকটা এমসিকিটি পরীক্ষার মতো লাগছিল। এ জন্য একটু ভয়
কাজ করছিল। তবে ভোট দেওয়ার জন্য যথেষ্ট সময় ছিল।’

এবারের নির্বাচনে ডাকসুর ২৮টি পদে ৪৭১ জন প্রার্থী প্রতিবন্ধিতা
করছেন। এর মধ্যে নারী প্রার্থী ৬২ জন।

সহ-সভাপতি (ভিপি) পদে ৪৫ জন, সাধারণ সম্পাদক (জিএস)
পদে ১৯ জন এবং সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে ২৫

জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন। নারী প্রার্থীদের মধ্যে ভিপি পদে ৫

জন, জিএস পদে একজন ও এজিএস পদে ৪ জন প্রার্থী রয়েছেন।

এবার ভোট দেবেন মোট ৩৯ হাজার ৭৭৫ জন শিক্ষার্থী। এর

মধ্যে ছাত্র ভোটার ২০ হাজার ৮৭৩ জন এবং ছাত্রী ভোটার ১৮

হাজার ৯০২ জন।